## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার অর্থ মন্ত্রণালয় অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

[মূল্য সংযোজন কর]

#### প্রজ্ঞাপন

# তারিখঃ ২৭ জ্যৈষ্ঠ, ১৪১৭ বঙ্গাব্দ / ১০ জুন, ২০১০ খ্রিষ্টাব্দ

এস,আর,ও নং-২১৪–আইন/২০১০/৫৬৩–মৃসক।– মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, সরকার Customs Act, 1969 (IV of 1969) এর First Schedule এর কলাম (1) এর শিরনামা সংখ্যা (Heading Nos) 70.11 এবং 85.39 এর বিপরীতে কলাম (2) এ উল্লিখিত সংশ্লিষ্ট সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোডের (H.S. Code) আওতাধীন কলাম (3) তে বর্ণিত গ্লাস টিউব এবং বিদ্যুৎ সাম্রয়ী বাল্ব ও উহার উপকরণকে, অতঃপর পণ্য বলিয়া উল্লিখিত, স্থানীয় উৎপাদন পর্যায়ে উহাদের উপর আরোপনীয় সমৃদয় মূল্য সংযোজন কর হইতে নিম্নবর্ণিত শর্তাধীনে অব্যাহতি প্রদান করিল, যথাঃ-

### শৰ্তাবলী

- ক) সংযোজনকারী প্রতিষ্ঠান ব্যতীত উৎপাদনকারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে ইহা প্রযোজ্য হইবে;
- খে) গ্লাস টিউব উৎপাদনকারী প্রতিষ্ঠানে Auto-Ore dressing plant, Auto-Batch making plant, Glass melting furnace (20 TPD) with auto-instrumentations and DCS controls, Auto-tube drawing plant, Oxygen generation plant, Annealing runway, Electric power generator plant with auto load management and synchronization system, ETP Plant, Packing Unit থাকিতে হইবে;
- (গ) বিদ্যুৎ সাশ্রয়ী বাল্ব উৎপাদনকারী প্রতিষ্ঠানে Glass tube cutting, Sorting, Auto bending, Leg bending cutting and glazing, Powder mixing and grinding, Powder baking, Rotary and bench coating, Powder wiping Plant, Filament mounting, Auto-sealing and blanking, Mercury injecting, Fusioning, Auto-Exhausting and Ageing Machineris together with Plastic holder making machinery, Metallic cap crimping machinery, Electronic ballast assembly line, Printing equipment, Oxygen generation plant, ETP Plant, Packing Unit থাকিতে হইবে এবং দেশে উৎপাদিত গ্লাস টিউব ব্যবহার করিতে হইবে;
- (ঘ) দফা (খ) এবং (গ) তে উল্লিখিত প্রতিষ্ঠানসমূহকে জাতীয় রাজস্ব বোর্ডের নিকট আবেদন করিতে হইবে;

(৬) উক্ত আবেদনের ভিত্তিতে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক গঠিত নিম্নে বর্ণিত পরিদর্শন কমিটির প্রতিবেদন বোর্ড কর্তৃক গৃহীত হইতে হইবে।

### কমিটি গঠনঃ

- (১) দ্বিতীয় সচিব (মুসক), জাতীয় রাজস্ব বোর্ড;
- (২) সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা;
- (৩) সংশ্লিষ্ট মুসক সার্কেল সুপারিনটেনডেন্ট।
- (চ) দফা (ঙ) তে বর্ণিত কমিটি আবেদন প্রাপ্তির অনধিক ৪৫ (পয়তাল্লিশ) দিনের মধ্যে পরিদর্শন প্রতিবেদন বোর্ডের নিকট পেশ করিবে এবং বোর্ডের অনুমোদন প্রাপ্তির পর আবেদনকারী প্রতিষ্ঠানকে অনুমোদনের তারিখ হইতে এই সুবিধা প্রদান করা হইবে।
- ২। এই প্রজ্ঞাপনের কার্যকরতা ১৬ আষাঢ়, ১৪২২ বঙ্গাব্দ মোতাবেক ৩০ জুন, ২০১৫ খ্রিষ্টাব্দ তারিখ পর্যন্ত বলবৎ থাকিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

[ ড. নাসিরউদ্দীন আহমেদ ] সচিব